

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.পার্ট ফাইল.১৬/ ৭০৬

তারিখঃ ০৫/১০/২০১৬ইং।

প্রতি : বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক
বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী।

বিষয় : পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরধীন রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী এর উচ্চমান সহকারী জনাব মোঃ মোশাররফ হোসেন চাকুরীরত অবস্থায় গত ০৩/০৫/২০১৬ইং তারিখে মৃত্যুবরণ করেছেন। এতদপ্রেক্ষিতে মরহুমের বিধবা স্ত্রী মোসাঃ সেলিনা আক্তার পরিবারের অন্যান্য ওয়ারিশগণের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হয়ে নির্ধারিত ফরমে পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরীর আবেদন জানিয়েছেন।

২। উক্ত কর্মচারীর মৃত্যু তারিখে শেষ মাসিক গ্রহীতব্য বেতন ১৮,৪৬০/- টাকা। তার চাকুরীকাল ২৫ বৎসরের উর্ধ্বে হওয়ায় পেনশনের হার ৯০% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ ১৬,৬১৪/-টাকা। মোট অবসরভাতার অর্ধাংশ (১৬,৬১৪÷২)=৮,৩০৭/- টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময় হার প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/- টাকা হিসাবে থেকে প্রাপ্য আনুতোষিক (৮,৩০৭/-×২৩০/-)=১৯,১০,৬১০/- (উনিশ লক্ষ দশ হাজার ছয়শত দশ) টাকা এবং ০৩/০৫/২০১৬ইং তারিখ হতে ৮,৩০৭/- (আট হাজার তিনশত সাত) টাকার পারিবারিক অবসরভাতা নির্দেশিত হয়ে মঞ্জুরী প্রদান করা হলো।

৩। মরহুমের বিধবা স্ত্রী মোসাঃ সেলিনা আক্তার এর অনুকূলে পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য নিম্নবর্ণিত কাগপত্রাদি পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হলো।

ক)	পারিবারিক পেনশন ফরম ২.২	১ কপি
খ)	পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	৩ কপি
গ)	মৃত্যুর সনদ (সিটি কর্পোরেশন কর্তৃক)	১ কপি
ঘ)	শেষ বেতনের সনদপত্র	১ কপি
ঙ)	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	৩ কপি
চ)	উত্তরাধিকারী সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	৩ কপি
ছ)	উত্তরাধিকারী কর্তৃক মাতাকে ক্ষমতা হস্তান্তর পত্র	৩ কপি
জ)	না-দাবী সনদপত্র	২ কপি
ঝ)	জাতীয় পরিচয়পত্র	১ কপি
ঞ)	চাকুরী বহি	এক সেট।

৪। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক
ফোন-০২-৮১৮১২২৫

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.পার্ট ফাইল.১৬/ ৭০৬(৫)

তারিখঃ ০৫/১০/২০১৬ইং।

অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-

- ১। অধ্যক্ষ, রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী। এ তার ০৪/০৯/২০১৬ইং তারিখের ১০৪৪ নং স্বাক্ষরের বরাতে করা হল।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ৩। আই.সি. টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
- ৪। মোসাঃ সেলিনা আক্তার, স্বামী-মৃত মোঃ মোশাররফ হোসেন, প্রাক্তন উচ্চমান সহকারী, রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট।
বর্তমান ঠিকানাঃ বাড়ী নং-৩১৩, শালবাগান (সপুরা), পোঃ সপুরা-৬২০৩, থানা- বোয়ালিয়া, জেলা-রাজশাহী।
- ৫। সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক - ৬
ফোন-০২-৮১৮১২২৫